

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আনোয়ারা, চট্টগ্রাম

স্মারক নং-উমাশিঅ/আনো/চট্ট:/২০২৫/১১৬

তারিখ : ২৭/১০/২০২৫ খ্রি.

বিষয়: রায়পুর গাউছিয়া হাশেমিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন তফসিল প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আনোয়ারা এর স্মারক নং ০৫.২০.১৫০৪.০০০.০৪.০২১.২৫-৮৩০ তারিখ : ২১/১০/২০২৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, রায়পুর গাউছিয়া হাশেমিয়া দাখিল মাদ্রাসা, আনোয়ারা, চট্টগ্রাম এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভণি বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০২৫ অনুসরণ পূর্বক নিম্নে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

তফসিল

ক্রমং	বিবরণ	স্থান, তারিখ ও সময়	মন্তব্য
০১।	মনোনয়ন পত্র বিতরণ ও জমাদান	০২ থেকে ০৪ নভেম্বর - ২০২৫ খ্রি. (উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মহোদয়ের কার্যালয়, সময় - সকাল ১০টা হইতে বিকাল ৪ টা পর্যন্ত)	
০২।	মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ	০৫ নভেম্বর - ২০২৫ খ্রি. (উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মহোদয়ের কার্যালয়, সময় দুপুর ১২ টা)	
০৩।	মনোনয়নপত্র প্রত্যাহার	০৮ নভেম্বর - ২০২৫ খ্রি. (উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মহোদয়ের কার্যালয়, সময় - সকাল ১০ টা হতে দুপুর ৩ টা পর্যন্ত)	
০৪।	প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ	০৮ নভেম্বর - ২০২৫ খ্রি. (উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মহোদয়ের কার্যালয়, চট্টগ্রাম, সময় - বিকাল ৪ টা)	
০৪।	নির্বাচনের তারিখ ও ফলাফল প্রকাশ	০১ ডিসেম্বর - ২০২৫ খ্রি. (মাদ্রাসা প্রাঙ্গনে বিরতিহীনভাবে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত)	

বিশেষ দ্রষ্টব্য :

- ০১। সকল শ্রেণির মনোনয়ন পত্র উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মহোদয়ের কার্যালয় থেকে মাদ্রাসা চলাকালীন সময়ে সংগ্রহ করতে হবে।
- ০২। সকল শ্রেণির সদস্য পদ নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে।
- ০৩। নির্বাচন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভণি বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০২৫ এর বিধি অনুসারে অনুষ্ঠিত হবে।
- ০৪। নির্বাচনে প্রার্থীদের নামের পার্শ্বে ক্রস (X) চিহ্ন সিল দিয়ে ভোট প্রদান করতে হবে।
- ০৫। কোন ব্যক্তি এক সাথে দুইটি সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
- ০৬। উক্ত প্রতিষ্ঠানের এডহক কমিটি সিদ্ধান্ত মোতাবেক সকল ক্যাটাগরির মনোনয়ন পত্রসমূহ অত্র প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট মহোদয়ের নিকট থেকে অফেরৎযোগ্য নির্ধারিত ফি (প্রবিধানমালা ২০২৫ অনুসরণ পূর্বক) জমা দিয়ে মনোনয়ন পত্র নিতে হবে।
- ০৭। নির্বাচন সংক্রান্ত কোন তথ্য অফিস চলাকালীন সময়ে সুপারিনটেনডেন্ট মহোদয়ের নিকট থেকে জানা যাবে।
- ০৮। নির্বাচনের দিন অভিভাবকগণকে অবশ্যই জাতীয় পরিচয় পত্র (NID Card) সঙ্গে আনতে হবে।


(মো: আলমগীর হোসেন)

সহকারী পরিদর্শক
জেলা শিক্ষা অফিস চট্টগ্রাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, আনোয়ারা, চট্টগ্রাম
ও
প্রিজাইডিং অফিসার
রায়পুর গাউছিয়া হাশেমিয়া দাখিল মাদ্রাসা
আনোয়ারা, চট্টগ্রাম ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ ইন্সটন গার্ডেন রোড, রমনা ঢাকা ১০০০।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আনোয়ারা, চট্টগ্রাম।
- ০৪। অফিসার ইনচার্জ, আনোয়ারা থানা, চট্টগ্রাম।
- ০৫। সভাপতি, রায়পুর গাউছিয়া হাশেমিয়া দাখিল মাদ্রাসা, আনোয়ারা, চট্টগ্রাম।
- ০৬। সুপারিনটেনডেন্ট, রায়পুর গাউছিয়া হাশেমিয়া দাখিল মাদ্রাসা, আনোয়ারা, চট্টগ্রাম। (উক্ত নির্বাচনী তফসিলটি বিধি মোতাবেক প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নোটিশ করে জানানো এবং নোটিশ বোর্ডসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ০৭। সংরক্ষণ নথি।